# শুনানির প্রস্তুতি

**আপনার শুনানি সশরীরে, ডাকযোগে বা অনলাইনে হলে সফল ফলাফলের জন্য আপনার সম্ভাবনা বৃদ্ধি করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করুন:**

- প্রস্তুত থাকুন। আপনার জন্য উদ্ধৃত আইনের ধারাটি পুরোটা পড়ুন এবং যথাসম্ভব প্রমাণাদি জোগাড় করুন।
- প্ররোচক হোন। অনুপুঙ্খ ও বিশ্বাসযোগ্য প্রমাণ পেশ করুন। আপনার মামলার সমর্থনে ফটো, লিখিত বিবৃতি ও উপগ্রহ চিত্র ব্যবহার করুন।
- পেশাদার হোন। একটি সৎ আত্মপক্ষ সমর্থনের বিবৃতি লিখুন ও যেকোনো সাক্ষীর বিবৃতিকে নোটারাইজ করার কথা বিবেচনা করুন।

শুনানির জন্য প্রস্তুত হতে সুনির্দিষ্ট পরামর্শের জন্য www.nyc.gov/parkingadvocate দেখুন।

**আপনি দোষী সাব্যস্ত হলে আপনি সিদ্ধান্তের তারিখের 30 দিনের মধ্যে আপীল করতে পারবেন। আপীল করতে:**

- আরো বেশি জরিমানা এড়াতে টিকিটের অর্থ প্রদান করার কথা বিবেচনা করুন। আপনি আপনার আপীল জিতে গেলে আপনার প্রদত্ত অর্থ ফেরত দেওয়া হবে।
- আপনার আত্মপক্ষ সমর্থন প্রস্তুত করুন। যাবতীয় প্রমাণাদি জোগাড় করুন এবং বিচারকের সিদ্ধান্ত কেন ভুল তা আপনার আত্মপক্ষ সমর্থনের বিবৃতিতে ব্যাখ্যা করুন। আপনি এমন অতিরিক্ত প্রমাণ জমা দিতে পারেন যা আপনার মূল শুনানির সময় হয়তো উপলব্ধ ছিল না।
- আপনার বিবৃতিটিকে খুব অনুপুঙ্খভাবে তৈরি করুন। সংক্ষিপ্ত ও অসম্পূর্ণ ব্যাখ্যাগুলি প্ররোচিত নয়।
- বিশদ বিবরণ প্রদান করতে আপনার সম্পূর্ণ বিবৃতিটি একটি আলাদা কাগজে লিখুন।
- আপনি যে কারণে মনে করেন যে বিচারকের সিদ্ধান্ত ভুল ছিল তা ব্যাখ্যা করতে তথ্য ও আইনের ভাষা প্রয়োগ করুন।
- সচরাচর করা ভুলগুলি এড়াতে সাহায্য পেতে পার্কিং সমনের আইনজীবীর NYC দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন।

আপনার আপীল অসফল হলে নিউ ইয়র্ক স্টেট সুপ্রীম কোর্ট -এ একটি ধারা 78 আপীল দায়ের করতে আপনার হাতে আপীলের সিদ্ধান্তের তারিখের থেকে চার মাস সময় থাকবে।

## পার্কিং সমনের আইনজীবী -র NYC দপ্তরের সঙ্গে যোগাযোগ করা

পার্কিং সমনের আইনজীবীর দপ্তর হল অর্থ বিভাগের মধ্যে একটি স্বাধীন দপ্তর। আমাদের ব্রত হল:

- জনগণকে পার্কিং বা ক্যামেরা সমনের সমস্যা ও অভিযোগে সহায়তা করা।
- জনগণের সদস্যদের, অর্থ বিভাগের ও পার্কিং সমন প্রক্রিয়ায় জড়িত অন্যান্য শহর সংস্থাগুলির মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করা।
- পার্কিং এর সমনের প্রবিধানগুলি ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট নীতিসমূহ সম্পর্কে জনগণকে জানানো।
- পার্কিং সমন প্রক্রিয়ার পদ্ধতিগত সমস্যাগুলি চিহ্নিত করা রিপোর্ট করা ও সমাধানে সাহায্য করা।

আপনি অর্থ বিভাগের কাছে আপনার সমস্যা সমাধানের যুক্তিসঙ্গত প্রয়াস করে থাকলে ও অসফল হয়ে থাকলে আপনি পার্কিং সমন আইনজীবীর কাছে সহায়তার অনুরোধ করতে পারেন।

পার্কিং সমন আইনজীবীর কাছে একটি অনুরোধ জমা দেওয়া বা সহায়তা পাওয়া আপনাকে অর্থপ্রদানের বা টিকিটের বিরোধিতা করার জন্য বাড়তি সময় দেয় না। এতৎসত্ত্বেও আপনাকে অবশ্যই আপনার টিকিটে তালিকাভুক্ত বা আইনে প্রদত্ত যাবতীয় সময়সীমার প্রতিপালন করতে হবে।

**সশরীরে সাহায্য পাওয়া যাবে। তারিখ ও স্থানের জন্য www.nyc.gov/parkingadvocate দেখুন।**

**এখানে আরও তথ্য পাবেন www.nyc.gov/parkingadvocate.**

**আপনি সহায়তার জন্য 311 নম্বরেও ফোন করতে পারেন।**

যদি প্রতিবন্ধকতার কারণে আপনার ডিপার্টমেন্ট অফ ফিনান্স পরিচালিত কোনো প্রোগ্রামে অংশগ্রহণ করতে বা কোনো পরিষেবা গ্রহণ করতে আবেদন করার জন্য বাসস্থান প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে www.nyc.gov/contactdofeeo-এ ডিজেবিলিটি সার্ভিসেস ফেসিলিটেটরের সাথে যোগাযোগ করুন বা 311 নম্বরে ফোন করুন।

NYC Department of Finance

nyc.gov/finance

OPSA Brochure [Bengali] – 12.18.18




# পার্কিং লঙ্ঘনের অর্থপ্রদান বা বিরোধিতা করার একটি নির্দেশিকা

পার্কিং সমন আইনজীবীর দপ্তরের দ্বারা প্রস্তুত করা

NYC Department of Finance

OFFICE OF THE PARKING SUMMONS ADVOCATE

# একটি পার্কিং টিকিট পেলে আপনাকে কী করতে হবে

## আপনি আপনার গাড়ি সরানোর আগে:

- আপনার টিকিটটি পড়ুন।
- প্রমাণাদি জোগাড় করুন।

### ফটো তুলুন

কোণার কোণার দৃশ্যের দলিল প্রস্তুত করুন। রাস্তার নাম, যেখানে আপনার টিকিট জারি করা হয়েছে সেই ভবনের ঠিকানা এবং টিকিটে উল্লেখ করা যে কোনো কিছু (চিহ্ন, মিটার, স্টিকার বা প্লেট, ইত্যাদি) প্রদর্শিত করুন।

### দূরত্ব মাপুন

আপনার টিকিটে দূরত্ব দেওয়া থাকলে সেগুলি মাপুন। হাতের কাছে যা পাবেন ব্যবহার করুন — ফিতে ফেলে মাপা, আপনার জুতো, ফুটপাথের গরাদ, ইত্যাদি।

### সাক্ষীদের সঙ্গে কথা বলুন

একাধিক সাক্ষী থেকে থাকলে তাদের যোগাযোগের তথ্য প্রাপ্ত করুন এবং জিজ্ঞাসা করুন যে তারা আপনার পক্ষে নোটারাইজ করা বিবৃতি দিতে চাইছেন কিনা।

## আপনি বাড়ি যাওয়ার পর:

- কোন আইন লঙ্ঘনের জন্য আপনাকে অভিযুক্ত করা হয়েছে সেটি দেখে নিন।
- পার্কিং লঘন সম্পর্কে আরও তথ্যের জন্য www.nyc.gov/parkingadvocate দেখুন।
- আপনি টিকিটের অর্থপ্রদান, নাকি বিরোধিতা, কোনটা করবেন ঠিক করে নিন।
- আপনি সেই স্থানের দৃশ্যের যে ফটোগ্রাফিক প্রমাণ জোগাড় করেছেন তার পরিপূরক হিসেবে অনলাইন মানচিত্র ও উপগ্রহ চিত্র সংগ্রহ করুন।
- আপনি ডাকযোগে টিকিটের অর্থপ্রদান করলে স্বয়ংক্রিয় বিলম্বের জরিমানা এড়াতে আপনার ডাক পৌঁছনোর ও আপনার চেক প্রক্রিয়া হওয়ার জন্য হাতে যথেষ্ট সময় রাখা নিশ্চিত করুন।

# পার্ক করার আগে এই পরামর্শগুলি বিবেচনা করুন

- আপনি যে ব্লকের ধারে পার্ক করেছেন সেখানকার দুধারের যাবতীয় চিহ্ন পড়ে ফেলুন।
- চিহ্নগুলি চিহ্নের পোলের থেকে তীরচিহ্নের দিকে পরবর্তী চিহ্নের পোল বা পরবর্তী কোণ পর্যন্ত বলবৎযোগ্য।
- যেখানে আপনি দুটি পরস্পরবিরোধী চিহ্নের সম্মুখীন হবেন, সেখানে যেটি সবচেয়ে কম নিয়ন্ত্রক সেটিকে অনুসরণ করুন।
- পোলের উভয়দিকে পার্কিং-এ নিষেধাজ্ঞা থাকলে পার্কিং এর চিহ্নের দুপাশেই অবস্থান নেবেন না। আপনার গাড়ির কোনো অংশ পোলটি পার হয়ে গেলে আপনাকে টিকিট দেওয়া হতে পারে।
- কোনো অগ্নি-নির্বাপক হাইড্র্যান্টের যে কোনো দিকে 15 ফুটের মধ্যে পার্ক করবেন না।
- আপনার অস্থায়ী রেজিস্ট্রেশন থাকলে সেটি আপনার ড্যাশবোর্ডে প্রদর্শিত করার কথা মনে রাখবেন এবং মেয়াদ ফুরনো স্টিকারটিকে নতুন রেজিস্ট্রেশনের স্টিকার দিয়ে বদলানোর আগে পর্যন্ত উইন্ডশিল্ডে রেখে দিন।
- ParkMobile অ্যাপ ব্যবহারের সময় যে অঞ্চলে পার্ক করেছেন তা নিখুঁতভাবে প্রবেশ করানো নিশ্চিত করুন। আপনি একটি অঞ্চলে পার্ক করে অন্য অঞ্চলের জন্য অর্থপ্রদান করতে পারবেন না।
- একটি বিচ্ছিন্ন মিটার অঞ্চলে পার্ক করতে আপনি যে অঞ্চলে পার্ক করেছেন তার যাবতীয় যন্ত্রে যাবতীয় উপায়ে অর্থপ্রদানের প্রয়াস করা নিশ্চিত করুন।
- রাস্তা পারাপারের স্থানের বা পথচারীদের র‍্যাম্পের কাছে পার্ক করার সময় আপনার গাড়ির কোনো অংশ রাস্তা পারাপারে দাগের কোনো অংশকে না ছোঁয়া বা র‍্যাম্পের কোনো অংশকে না আটকানো নিশ্চিত করুন।
- আপনার গাড়ি খারাপ হয়ে গেলে বা আপনাকে বাধ্য হয়ে বেআইনিভাবে পার্ক করতে হলে আপনাকে অবিলম্বে তা দূরে টেনে নিয়ে যাওয়ার বা সারানোর ব্যবস্থা করতে হবে।

# আপনার পার্কিং টিকিট এর বিরোধিতা কীভাবে করবেন

**1. আপনার টিকিটটি যত্ন সহকারে পড়ুন**

কোনো তথ্য অস্পষ্ট, বেঠিক হলে বা না থাকলে আপনার আত্মপক্ষ সমর্থনে তা লিপিবদ্ধ করুন। হাতে লেখা টিকিটের ক্ষেত্রে বিশেষভাবে গভীর মনোযোগ দিন।

আপনি একটি ক্যামেরা লঙ্ঘনের বিরোধিতা করলে টিকিটে মুদ্রিত ওয়েব ঠিকানায় যান ও আপনার বিরুদ্ধে করা অভিযোগগুলির পর্যালোচনা করুন।

**2. আপনার তথ্য জোগাড় করুন**

সেই স্থানের দৃশ্যের ফটো ও ভিডিও, সাক্ষীদের নোটারাইজ করা বিবৃতি, মানচিত্র ও উপগ্রহ চিত্রের প্রিন্টআউট এবং আপনার মামলায় সাহায্য করতে পারে এমন যে কোনো কিছু একত্র করুন।

**3. আপনার আত্মপক্ষ সমর্থন প্রস্তুত করুন**

আপনার মামলার সারসংক্ষেপ হিসেবে একটি আত্মপক্ষ সমর্থনের বিবৃতি লিখুন।

## টিকিটকে উপেক্ষা করলে আপনাকে তার মূল্য দিতে হবে।

